

## নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ ১৪-১৫. হযরত মূসা ও হারূণ (আলাইহিমাস সালাম) রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

মূসা (আঃ)-এর মিসরে প্রত্যাবর্তন

ফেরাউন ও তার পারিষদবর্গের বিরুদ্ধে অলৌকিক লাঠি ও আলোকিত হস্ত তালুর দু'টি নিদর্শন নিয়ে মূসা (আঃ) মিসরে পৌঁছলেন (ক্লাছাছ ২৮/৩২)। ফেরাউন ও তার সভাসদ বর্গকে আল্লাহ (أَثَّمِةً يَّدْعُوْنَ إِلَى النَّارِ) 'জাহান্নামের দিকে আহবানকারী নেতৃবৃন্দ' (ক্লাছাছ ২৮/৪১) হিসাবে এবং তাদের সম্প্রদায়কে 'ফাসেক' বা পাপাচারী (ক্লাছাছ ২৮/৩২) বলে আখ্যায়িত করেছেন। আল্লাহ পাক মূসাকে বললেন 'তুমি ও তোমার ভাই আমার নিদর্শনবলীসহ যাও এবং আমার স্মরণে শৈথিল্য করো না'। 'তোমরা উভয়ে ফেরাউনের কাছে যাও। সে খুব উদ্ধত হয়ে গেছে'। 'তোমরা তার কাছে গিয়ে নম্রভাষায় কথা বলবে। তাতে হয়ত সে চিন্তা-ভাবনা করবে অথবা ভীত হবে'। 'তারা বলল, হে আমাদের পালনকর্তা, আমরা আশংকা করছি যে, সে আমাদের উপরে যুলুম করবে কিংবা উত্তেজিত হয়ে উঠবে'। 'আল্লাহ বললেন, 'তোমরা ভয় করো না। তানের অবস্থা) দেখব' (ত্বোয়াহা ২০/৪২-৪৬)। আমি তোমাদের সাথে আছি। আমি তোমাদের (সব কথা) শুনবো ও (সব অবস্থা) দেখব' (ত্বোয়াহা ২০/৪২-৪৬)।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=4386

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন